

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৬

১/ বিবিধ

আরবী

من حدث حديثا فعتس عنده فهو حق
باطل

أخرجه تمام في " الفوائد " (2 / 148) وكذا الترمذي الحكيم وأبو يعلى والطبراني في " الأوسط " وابن شاهين من طريق بقية عن معاوية بن يحيى عن أبي الزناد عن الأعرج عن أبي هريرة مرفوعا، وأورده ابن الجوزي في " الموضوعات " (3 / 77) من طريق ابن شاهين ثم قال: باطل تفرد به معاوية وليس بشيء، وتابعه عبد الله بن جعفر المدني أبو علي عن أبي الزناد، وعبد الله متروك وتعقبه السيوطي في " اللآليء " (2 / 286) بأحاديث أوردها، بعضها مرفوعة وبعضها موقوفة، ثم إن بعضها في فضل العطاس مطلقا فلا يصلح شاهدا لوصح وأما قول النووي رحمه الله في فتاويه (ص 36 – 37) بعد أن عزاه لأبي يعلى إسناده جيد حسن، كل رجاله ثقات متقنون إلا بقية بن الوليد فمختلف فيه، وأكثر الحفاظ والأئمة يحتجون بروايته عن الشاميين، وهو يروي هذا الحديث عن معاوية ابن يحيى الشامي

قلت: فهذا من أوهامه رحمه الله فإن بقية معروف بالتدليس وقد رواه عن معاوية معنعا وقد قال النسائي وغيره: إذا قال: حدثنا وأخبرنا فهو ثقة، وقال غير واحد: كان مدلسا فإذا قال: عن فليس حجة، ولهذا قال أبو مسهر: أحاديث بقية ليست نقية فكن منها على تقية، ذكره الذهبي ثم قال: وبقية ذو غرائب ومناكير، أقول هذا لبيان حال

بقية وإلا فالظاهر من كلام السيوطي في " اللآليء " أنه لم يتفرد به عن معاوية، فعلة الحديث هو معاوية هذا فإنه ضعيف جدا قال ابن معين: هالك ليس بشيء، وقال أبو حاتم: ضعيف في حديثه إنكار، وقال النسائي: ليس بثقة، وقال الحاكم أبو أحمد: يروي عنه الهقل بن زياد عن الزهري أحاديث منكرة شبيهة بالموضوعة، وقال الساجي: ضعيف الحديث جدا، وهكذا باقي أقوال الأئمة كلها متفقة على تضعيفه ليس فيهم من وثقه، فانظر كيف انصرف النووي عن علة الحديث الحقيقية، وأخذ يدافع عن بقية مع أنه لم يحمل عليه في هذا الحديث أحد! فلو لا أن النووي رحمه الله وهم لما جاز له أن يصف يحيى هذا بالثقة والإتقان، وقد علم أنه متفق على تضعيفه! والحديث رواه البيهقي أيضا وقال: إنه منكر، كما في " شرح المناوي " وقال الهيثمي في " المجمع " (8 / 59) : رواه الطبراني في " الأوسط " وقال: لا يروى عن النبي صلى الله عليه وسلم إلا بهذا الإسناد وأبو يعلى، وفيه معاوية بن يحيى الصدفي وهو ضعيف، وقد قال ابن أبي حاتم في " العلل " (2 / 342) : سألت أبي عن حديث رواه داود بن رشيد عن بقية عن معاوية بن يحيى عن أبي الزناد.. عن النبي صلى الله عليه وسلم: " من حدث بحديث فعطس عنده فهو حق "؟ قال أبي: هذا حديث كذب، فبعد شهادة مثل هذا الإمام النقاد أنه حديث كذب، فما يفيد المتساهلين محاولتهم إنقاذ إسناد هذا الحديث من الوضع إلى الضعف أو الحسن لأنها محاولات لا تتفق مع قواعد الحديث في شيء، وما أحسن ما قاله المحقق ابن القيم رحمه الله فيما نقله عنه الشيخ القاري في " موضوعاته " (ص 106 - 107) : وهذا الحديث وإن صحح بعض الناس سنده فالحس يشهد بوضعه، لأنا نشاهد العطاس والكذب يعمل عمله، ولوعطس مئة ألف رجل عند حديث يروي عن النبي صلى الله عليه وسلم لم يحكم بصحته بالعطاس، ولوعطسوا عنده بشهادة رجل لم يحكم بصدقه، وتعقبه هو والزرکشي من قبل وغيرهما بقولهم إن إسناده إذا صح ولم يكن في العقل ما ياباه وجب تلقيه بالقبول قلت: أنى لإسناده الصحة وفيه من اتفقوا على ضعفه ويشهد الإمام أبو حاتم بأن

حديثه هذا كذب؟ ! ثم العقل يأباه كما بينه ابن القيم فيما سبق ولو صح هذا الحديث
لكان يمكن الحكم على كل حديث نبوي عطس عنده بأنه حق وصدق، ولو كان عند
أئمة الحديث زورا وكذبا؟ وهذا ما لا يقوله فيما أظن أحد

বাংলা

১৩৬। যে ব্যক্তি কোন হাদীস বর্ণনা করবে। অতঃপর তার নিকট হাঁচি দেয়া হবে, সে ব্যক্তি (তার কথাই) সত্য।

হাদীসটি বাতিল।

হাদীসটি তাম্মাম “আল-ফাওয়াইদ” গ্রন্থে (২/১৪৮) উল্লেখ করেছেন। অনুরূপভাবে তিরমিযী, হাকিম, আবু ইয়ালা, তাবারানী “মুজামুল আওসাত” গ্রন্থে এবং ইবনু শাহীন বাকিয়া সূত্রে মুয়াবিয়া ইবনু ইয়াহইয়া হতে ... বর্ণনা করেছেন। ইবনুল জাওযী “মাওয়াআত” গ্রন্থে ইবনু শাহীন-এর সূত্রে উল্লেখ করে (৩/৭৭) বলেছেনঃ এটি বাতিল। মুয়াবিয়া এককভাবে এটি বর্ণনা করেছেন। তিনি কিছুই না। আব্দুল্লাহ ইবনু জাফার আল-মাদীনী আবু আলী তার মুতাবায়াত করেছেন, কিন্তু এ আব্দুল্লাহ মাতরুক।

সুযুতী “আল-লাআলী” গ্রন্থে (২/২৮৬) কতিপয় হাদীস উল্লেখ করে তার সমালোচনা করেছেন। যেগুলোর কোনটি মারফু’ আবার কোনটি মওকুফ, আবার কোনটি “আমভাবে হাঁচি প্রদানকারীর ফযীলত বর্ণনায় এসেছে। সেগুলো এটির শাহেদ হতে পারে না যদিও সহীহ হয়। এছাড়া ইমাম নাবাবী কর্তৃক তার “আল-ফাতাওয়া” গ্রন্থে (পৃঃ ৩৬-৩৭) ‘এটির সনদ ভাল ও হাসান বলা এবং একমাত্র বাকিয়া ব্যতীত সকলে নির্ভরশীল; এছাড়া তিনি যখন শামীদের থেকে হাদীস বর্ণনা করেছেন তখন তার হাদীসকে অধিকাংশ মুহাদ্দিসগণ দলীল হিসাবে গ্রহণ করেছেন এবং মুয়াবীয়া শামী এ বক্তব্যটি তার ধারণা মাত্র। কারণ বাকিয়া তাদলীসের ব্যাপারে প্রসিদ্ধ। মুয়াবিয়া হতে আন আন শব্দে বর্ণনা করেছেন। নাসাঈ সহ আরো অনেকে বলেছেনঃ তিনি যখন বলবেনঃ حدثنا وأخبرنا আমাদের হাদীস শুনিয়েছেন, আমাদের সংবাদ দিয়েছেন, তখন তিনি নির্ভরযোগ্য। একাধিক ব্যক্তি বলেছেনঃ তিনি যখন আন দিয়ে হাদীস বর্ণনা করবেন তখন তিনি গ্রহণযোগ্য নন। এ জন্য আবু মুসহের বলেছেনঃ বাকিয়ার হাদীসগুলো পরিচ্ছন্ন নয়, তার হাদীসগুলো হতে বেঁচে থাকুন।

যাহাবী বলেনঃ বাকিয়া দুর্বল এবং মুনকারের অধিকারী। মুয়াবীয়া নিতান্তই দুর্বল বর্ণনাকারী।

ইবনু মাঈন বলেনঃ তিনি হালেক, কিছুই না।

আবু হাতিম বলেনঃ তিনি দুর্বল, তার হাদীসে ইনকার রয়েছে।

নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

হাকিম আবু আহমাদ বলেনঃ তার হাদীসগুলো মুনকার, জালের সাথে সাদৃশ্যপূর্ণ।

সাজী বলেনঃ হাদীসের ক্ষেত্রে তিনি নিতান্তই দুর্বল। সকলেই তার দুর্বল হওয়ার ব্যাপারে একমত।

ইবনু আবী হাতিম “আল-ইলাল” গ্রন্থে (২/৩৪২) বলেনঃ আমি আমার পিতাকে মুয়াবিয়া হতে বাকিয়ার এ হাদীস সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেনঃ এ হাদীসটি মিথ্যা।

ইবনুল কাইয়্যিমও হাদীসটিকে জাল হিসাবেই উল্লেখ করেছেন। এছাড়া অর্থের দিক দিয়েও হাদীসটি সহীহ নয়। কারণ যদি একশত ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীসের নিকটে হাঁচি দেয়, তবুও তাকে সহীহ বলে হুকুম লাগানো যাবে না। অনুরূপভাবে কোন ব্যক্তির সাক্ষীর সাথে যদি তারা হাচি দেয় তাহলেও তাকে সত্যবাদী হিসাবে হুকুম দেয়া যাবে না। মিথ্যা তার কর্ম চালিয়েই যাবে। অতএব কোন লোক যদি বলে যে, সনদটি সহীহ তবুও হাদিসটি বানোয়াট অনুভূতি এমনই সাক্ষ্য দিচ্ছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5397>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন